

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 20 April, 2025

লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলায় বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষক হাসিনুর রহমান নিহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

দলটির সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার শনিবার (১৯ এপ্রিল) এক বিবৃতিতে বলেন, গত ১৬ এপ্রিল লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলার সিংগামারী ইউনিয়ন সীমান্তে ভারতীয় বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষক হাসিনুর রহমান নিহত হওয়ার ঘটনার আমি তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

নিহত কৃষক হাসিনুর রহমানের পরিবারের লোকেরা জানিয়েছে, হাসিনুর রহমান গত ১৬ এপ্রিল বুধবার গরুর জন্য তার নিজের জমিতে ঘাস কাটতে গেলে বিএসএফ বাংলাদেশে ঢুকে তাকে গুলি করে আহত করে। পরে আহত অবস্থায় বিএসএফ তাকে টেনে-হিঁচড়ে ওপারে নিয়ে রাইফেল দিয়ে পিটিয়ে নির্মমভাবে হত্যা করেছে। ১৭ এপ্রিল রাত ১১টায় বিএসএফ হাসিবুল ইসলামের বাবার কাছে তার মরদেহ হস্তান্তর করেছে। অপরদিকে, গত ১৮ এপ্রিল লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বাউড়া ইউনিয়নের জমগ্রাম ডাংগার পার থেকে বাংলাদেশি যুবক আজিজুর রহমানকে ১০/১২ জন ভারতীয় নাগরিক ধরে নিয়ে কাঁটাতারের সঙ্গে বেঁধে তারপর অমানবিক নির্যাতন চালায়। এইসব ঘটনায় হাতীবান্ধা ও পাটগ্রাম সীমান্তে জনগণের মধ্যে তীব্র উত্তেজনা ও উদ্বেগ বিরাজ করছে। সীমান্ত এলাকার জনগণের মধ্যে এক ভীতিকর অবস্থা বিরাজ করছে। কৃষকরা সীমান্ত এলাকায় তাদের জমিতে কাজ করতে যেতে ভয় পাচ্ছে, তারা নিরাপত্তাহীনতায় ভুগছে।

তিনি আরও বলেন, বাংলাদেশ সীমান্ত ভারতীয়দের এ ধরনের হত্যা, জুলুম, নির্যাতন দু'দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের অন্তরায়। ভারতীয়দের এ ধরনের অমানবিক আচরণের কারণেই সীমান্তে হত্যা ও ধরপাকড় বন্ধ হচ্ছে না। সীমান্তে ভারতীয় বিএসএফ কর্তৃক বাংলাদেশিদের হত্যা এবং সব গর্হিত আচরণ বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য আমরা ভারত সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি। সেই সঙ্গে সীমান্তে বাংলাদেশি নাগরিকদের জানমালের নিরাপত্তা বিধানের লক্ষ্যে উপযুক্ত কূটনৈতিক ও সামরিক পদক্ষেপ গ্রহণ করার জন্য আমরা বাংলাদেশ সরকারের নিকট জোর দাবি জানাচ্ছি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 02:28

URL: <https://timestodaybd.com/national/1086502826>